

■■ পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ ষষ্ঠ অধ্যায় - ঈশ্বর ও নবীগণ বিষয়ক অশোভনীয়তা রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

৬. ২. ৯. শমূয়েল ভাববাদীর মিথ্যাচারিতা

বাইবেলের অন্য একজন প্রসিদ্ধ নবী শমূয়েল বা শামুয়েল। তিনি ঈশ্বরের নির্দেশে ঈশ্বরেরই আরেক নবী ও মাসীহ তালুতকে মিথ্যা বলছেন: "পরে মাবুদ শামুয়েলকে বললেন, তুমি কতকাল তালুতের জন্য শোক করবে? আমি তো তাকে অগ্রাহ্য করে ইসরাইলের রাজ্যচ্যুত করেছি। তুমি তোমার শিংগায় তেল ভরে নাও, যাও, আমি তোমাকে বেথেলহেমীয় ইয়াসির (বৈৎলেহমীয় যিশয়ের) কাছে প্রেরণ করি, কেননা তার পুত্রদের মধ্যে আমি আমার জন্য একজন বাদশাহ্দেক দেখে রেখেছি। শামুয়েল বললেন, আমি কিভাবে যেতি পারি? তালুত যদি এই কথা শোনে, তবে আমাকে হত্যা করবে। মাবুদ বললেন, তুমি একটি বক্লা বাছুর সঙ্গে নিয়ে যাবে এবং বলবে, তুমি মাবুদের উদ্দেশে কোরবানী করতে এসেছ।" (১ শমূয়েল ১৬/১-২, মো.-১৩)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14328

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন